যেহেতু, তিনি ০১-০৭-২০২৪ তারিখ হতে ২৭-১১-২০২৪ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ১৪১ (একশত একচল্লিশ) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, তিনি বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও ঢাকায় কর্মরত থাকাকালীন নিজ পেশা 'সরকারি চাকরি' গোপন করে 'শিক্ষক' পেশা উল্লেখ করে নিজেই নিজের পাসপোর্টের আবেদন জমা করেন এবং Approval প্রদান করে পাসপোর্ট নম্বর A07134797 গ্রহণ করেন;

যেহেতু, তাঁর এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এবং ৩(গ) বিধি মোতাবেক "পলায়ন" এর শামিল বিধায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ১১/২০২৪ রুজু করা হয় এবং গত ০১-০১-২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.২৩৭.২৭.০১১.২৪-১০৬ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রেরণ করেননি এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেননি। সে প্রেক্ষিতে গত ২৭-০৪-২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণীত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তাঁর দাপ্তরিক ঠিকানায় প্রেরিত পত্রটি ফেরত এসেছে ও তাঁর স্থায়ী ঠিকানায় প্রেরিত তাঁর বড় ভাই মোঃ নাজিমার রহমান কর্তৃক পত্র গৃহীত হয়েছে এবং এ বিষয়ে তাঁর কোনো জবাব পাওয়া যায়নি বিধায় গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রেখে একই বিধিমালার ৭(১০) বিধি মোতাবেক তাকে সরকারি 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে পরামর্শ গ্রহণের জন্য গত ০৪-০৮-২০২৫ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করেছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি মোতাবেক জনাব মোঃ শাহিনুর রহমান, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জ, (সংযুক্ত: বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও)-কে সরকারি চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমুল গনি

পুলিশ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১২ কার্তিক ১৪৩২বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১০৭০—যেহেতু, জনাব মোঃ শাহ নূর আলম পাটওয়ারী (বিপি-৭৯১১১৪২৫২৭), বর্তমানে এন্টি টেরোরিজম ইউনিটে সংযুক্ত ইতঃপূর্বে অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি), (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), আরপিএমপি, রংপুর কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৯-০৮-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ শাহ নূর আলম পাটওয়ারী (বিপি-৭৯১১১৪২৫২৭)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুসারে অসদাচরণ ও পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১৯-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমুল গনি
সিনিয়র সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড
[ কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা ]

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১০ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/২৬ অক্টোবর, ২০২৫ খ্রি.।

নং ১১৩/২০২৫/কাস্টমস/৪১৪—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি [বন্ড লাইসেন্স নং-০২, তারিখ: ১৫-১০-২০১২ খ্রি.] নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-৬৪/২০২৪/কাস্টমস/৫৮০, তারিখ: ১৫-১২-২০২৪ খ্রি: এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রদত্ত প্রাপ্যতার মেয়াদ প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় আগামী ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য, বর্ণিত মেয়াদের আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

তারিখ: ১১ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/২৭ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং ১১৪/২০২৫/কাস্টমস/৪১৭—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান এইচ কবির এন্ড কোং লিঃ [বন্ড লাইসেন্স নং-০৩/পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ: ৩১-০৮-১৯৭৮ খ্রি:] এর অনুকূলে ইতোপূর্বে বিয়োজনের শর্তে প্রত্যয়নপত্রের মাধ্যমে প্রদত্ত ৩,৩১,৫২২.৭৪ মার্কিন ডলার আমদানি প্রাপ্যতা বিয়োজনপূর্বক ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২০২৬ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১. | এইচ কবির এন্ড কোং লিঃ | ১১,০০,০০০.০০ (এগার লক্ষ) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সবাইয়া সনজানা